ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ

বিষয়ঃ "(DAMFA) নীতিমালা-২০১৮" ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালনাধীন DNCC Academy of Music and Fine Arts (DAMFA) মিরপুর, মহাখালী, কাওরানবাজার, মোহাম্মদপুর ও রায়েরবাজার শাখাসমূহ সুষ্ঠভাবে পরিচালনার জন্য "DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা-২০১৮" প্রণয়ন করা হয়েছে। সে মোতাবেক (DAMFA) নীতিমালা-২০১৮" ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশ করা প্রয়োজন। অতএব "(DAMFA) নীতিমালা-২০১৮" পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩.০৮.২৩

(মোহাম্মদ মামুন-উল-হাসান )
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোন নম্বরঃ ০২- ২২২২৮৪৮৪৬
ইমেইল:- csw_sdo@dncc.gov.bd

সিস্টেম এনালিষ্ট
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনানুষ্ঠানিক নোট নং-ডিএনসিসি/প্রসকওবউক/ ১৪

তারিখঃ ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

# “DNCC Academy of Music and Fine Arts (DAMFA)” নীতিমালা- ২০১৮

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# "DNCC Academy of Music and Fine Arts (DAMFA)" নীতিমালা- ২০১৮

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

১। **ভূমিকাঃ**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালনাধীন **DNCC Academy of Music and Fine Arts (DAMFA)** সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নরূপ নীতিমালা" প্রণয়ন করা হলো।

২। **শিরোনামঃ**

এ নীতিমালা "**DNCC Academy of Music and Fine Arts (DAMFA) নীতিমালা** " নামে অভিহিত হবে।

৩। **কার্যকরঃ**

এ নীতিমালা জারীর তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

৪। **সংজ্ঞাঃ**

৪.১ "কর্পোরেশন" বলতে " ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" কে বুঝাবে;

৪.২ " ডিএনসিসি/DNCC" বলতে " ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" কে বুঝাবে;

৪.৩ "মেয়র" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর মেয়র'কে বুঝাবে;

৪.৪ "প্রধান নির্বাহী কর্মকর্তা" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর প্রধান নির্বাহী কর্মকর্তা'কে বুঝাবে;

৪.৫ "পরিচালক" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা'কে বুঝাবে;

৪.৬ "উপ-পরিচালক" বলতে সমাজকল্যাণ কর্মকর্তা'কে বুঝাবে;

৪.৭ "সহকারী পরিচালক" বলতে সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা'কে বুঝাবে;

৪.৮ "কেয়ারটেকার" বলতে কমিউনিটি সেন্টারসমূহের কেয়ারটেকার'কে বুঝাবে;

৪.৯ "ডামফা/DAMFA" বলতে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর অধিক্ষেত্রের মধ্যে প্রতিষ্ঠিত Academy of Music and Fine Arts এর যে কোন শাখা'কে বুঝাবে;

৪.১০ "ডামফা/DAMFA" এর শাখা বলতে বিদ্যমান শাখাসমূহ এবং ভবিষ্যতে প্রতিষ্ঠিত যে কোন শাখা'কে বুঝাবে;

৪.১১ " দায়িত্বপ্রাপ্ত প্রশিক্ষক" বলতে শাখার প্রশাসনিক দায়িত্ব পালনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত/দায়িত্বপ্রাপ্ত প্রশিক্ষক কে বুঝায়।

৫। **লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

শিশুর সুপ্ত সাংস্কৃতিক প্রতিভা বিকাশের মাধ্যমে একটি সংস্কৃতিমনস্ক সুস্থ ও সৃজনশীল জাতি গঠন করা।

৬। **ব্যবস্থাপনা কমিটি ঃ**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন **ডামফা/DAMFA** এর কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করবে। কমিটির গঠন নিম্নরূপঃ

কেন্দ্রীয় পর্যায়ে নিম্নোক্ত কমিটি **ডামফা/DAMFA** এর সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে।

| | | |
|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সভাপতি |
| ২. | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩. | সাধারণ ওয়ার্ড কাউন্সিলর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (১ জন মেয়র মহোদয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (১ জন মেয়র মহোদয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট অঞ্চল) | সদস্য |
| ৭. | বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিনিধি (একজন) | সদস্য |
| ৮. | বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রতিনিধি (একজন) | সদস্য |
| ৯. | সমাজ কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ১০. | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | সদস্য-সচিব |

৭। **ব্যবস্থাপনা কমিটির কর্ম পরিধিঃ**

৭.১ ডামফার শাখা সমূহের কার্যক্রম মনিটর ও পর্যালোচনা পূর্বক যথাযথ সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়ন;

৭.২ ডামফা/DAMFA'র শাখা সমূহ প্রশিক্ষণ প্রদান, পরীক্ষা গ্রহণ ও সনদ বিতরণের সার্বিক কার্যক্রম গ্রহণ করবেন;

৭.৩ কমিটি নিয়মিত ডামফার শাখাসমূহ সুষ্ঠু পরিচালনায় আঞ্চলিক কমিটিকে পরামর্শ প্রদান করবেন। পরামর্শ অনুসারে সদস্য-সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৭.৪ প্রয়োজনে জাতীয় দিবস/বিশেষ দিবস সমূহে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা;

৭.৫ শাখা সমূহের আভ্যন্তরীন প্রতিযোগিতা অনুষ্ঠান;

৮। **আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটিঃ**

ডামফা/DAMFA এর শাখা সমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। কমিটির গঠন নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর | উপদেষ্টা |
| ২ | সংশ্লিষ্ট ওয়ার্ডের সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | উপদেষ্টা |
| ৩ | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ৪ | সহকারী প্রকৌশলী (পুর) | সদস্য |
| ৫ | সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা | সদস্য-সচিব |

৯। **আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটির কর্ম পরিধিঃ**

৯.১ আঞ্চলিক ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ডামফার সংশ্লিষ্ট শাখা সমূহ পরিচালিত হবে;

৯.২ ডামফার শাখাসমূহ নিয়মিত পরিদর্শন, প্রতিবেদন তৈরি ও সুপারিশ প্রদান করা;

৯.৩ প্রতিবেদন ও সুপারিশ অনুসারে দায়িত্ব প্রাপ্ত প্রশিক্ষক/সদস্য-সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৯.৪ সামগ্রিক ব্যবস্থাপনা ও প্রশিক্ষণের মান নিশ্চিত করা;

৯.৫ বিভিন্ন সমস্যা সমাধান ও সেবার মানবৃদ্ধির জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণ;

৯.৬ ভর্তি, প্রশিক্ষণ প্রদান, পরীক্ষা গ্রহণ কার্যক্রমসমূহ বাস্তবায়ন;

(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সংগীত শিক্ষা একাডেমী সমূহে সংগীত ও নৃত্যকলার পাশাপাশি পর্যায়ক্রমে অন্যান্য বিষয়ও অন্তর্ভূক্ত করা হবে;

(খ) সংগীত শিক্ষা একাডেমীর সকল ব্যয়ভার অনুমোদিত বার্ষিক বাজেট "সংগীত একাডেমী" শীর্ষক পৃথক ব্যয় খাতের আওতায় বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে;

(গ) প্রতি অঞ্চলে সম্ভব হলে নতুন একাডেমী স্থাপন করা হবে;

(ঘ) সংগীত শিক্ষা ও সাংস্কৃতিক চর্চা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের একটি নিয়মিত ও ঐচ্ছিক কার্যক্রম হিসেবে বিবেচিত হবে। নগরবাসীর প্রয়োজনের নিরীখে একাডেমীর শাখা স্থাপন ও যথাযথ প্রক্রিয়ায় অস্থায়ী সংগীত, নৃত্য ও চিত্রাংকনে প্রশিক্ষক ও তবলা সহযোগীসহ প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে এ কার্যক্রম চলমান রাখা হবে;

(ঙ) পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক এবং কেয়ারটেকার ডামফার শাখা সমূহের দৈনন্দিন কার্যক্রম শৃঙ্খলা ও সার্বিক ব্যবস্থাপনা তত্ত্বাবধান করবেন।

১০। **অবকাঠামো ঃ**

১০.১ ডিএনসিসির কমিউনিটি সেন্টারসহ আঞ্চলিক কার্যালয় অথবা অন্য কোন স্থাপনায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ডামফা/**DAMFA** সমূহের কার্যক্রম পরিচালনা করা যাবে;

১০.২ ডামফার শাখা সমূহে সকল প্রকার সাংস্কৃতিক উপকরণ সহ প্রয়োজনীয় আসবাবপত্র ও সরঞ্জাম থাকবে;

১১। **প্রশিক্ষক নিয়োগ ও সম্মানী ভাতাঃ**

১১.১ ডামফার শাখাসমূহে চুক্তিভিত্তিক নিয়োগকৃত প্রশিক্ষক ও সহযোগী দ্বারা পরিচালিত হবে। প্রশিক্ষক ও সহযোগী লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হবে। প্রশিক্ষক ও সহযোগীর সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে;

১১.২ অস্থায়ীভাবে চুক্তি ভিত্তিক (এক বছরের জন্য) ডামফা/**DAMFA** সমূহে প্রশিক্ষক নিয়োগ দেয়া হবে এবং প্রশিক্ষকের চাকুরী সন্তোষজনক প্রতীয়মান হলে প্রতি বৎসর নভেম্বর হতে ডিসেম্বর মাসে পরবর্তী বছরের জন্য চুক্তি নবায়ন করা হবে;

১১.৩ প্রশিক্ষকগণ কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবেন;

১১.৪ চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষকদের কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সম্মানী প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, কাজ করলে বেতন পাবেন, না করলে বেতন পাবেন না;

১১.৫ ডামফার শাখাসমূহের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতি কেন্দ্রের একজন সংগীত প্রশিক্ষককে দাপ্তরিক কাজ সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হবে যিনি 'দায়িত্বপ্রাপ্ত শিক্ষক' হিসেবে পরিচিত হবেন;

১১.৬ প্রশিক্ষকগণ নিজস্ব কোন সাংস্কৃতিক প্রতিষ্ঠান বা একাডেমী প্রতিষ্ঠার সাথে সংশ্লিষ্ট হতে পারবেন না।;

১১.৭ প্রশিক্ষক নিয়োগের ক্ষেত্রে আবেদনের তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বৎসর। তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

১২। **প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ ঃ**

| ক্রমিক নং | বিষয় | প্রশিক্ষণের মেয়াদ |
|---|---|---|
| ০১ | সংগীত | ৩ বছর |
| ০২ | নৃত্য | ৩ বছর |
| ০৩ | চিত্রাঙ্কন | ৩ বছর |
| ০৪ | আবৃত্তি | ৩ বছর |

১২.১ ডামফার সকল শাখায় অভিন্ন সিলেবাস অনুযায়ী ৩ (তিন) বছরের প্রশিক্ষণ দেয়া হবে। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে যে সকল বিষয় প্রশিক্ষণ দান করা হবে তার বিষয় ও মেয়াদ পরিচালনা পরিষদ নির্ধারণ করবে;

১২.২ জানুয়ারি-ডিসেম্বর শিক্ষাবর্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে;

১৩। **পরীক্ষা পদ্ধতি ঃ**

১৩.১ প্রতি শিক্ষাবর্ষে অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং কেন্দ্রীয়ভাবে নির্ধারিত প্রশ্ন ও পদ্ধতিতে জুন ও ডিসেম্বর মাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ডামফার ভিন্ন প্রশিক্ষক কর্তৃক লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়ন করা হবে;

১৩.২ শিক্ষার্থীকে ক্লাস ৭৫% উপস্থিত থাকতে হবে;

১৩.৩ পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে হবে;

১৩.৪ প্রত্যেক বিষয়ে আলাদাভাবে ৪০% নম্বর উত্তীর্ণ মান বলে বিবেচিত হবে;

১৩.৫ ডিএনসিসি কর্তৃক পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সংশোধন, সংযোজন ও পরিবর্তন করতে পারবে;

১৩.৬ পরীক্ষাসমূহ পরিচালনার জন্য একটি পরীক্ষা ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি পরীক্ষা গ্রহণের যাবতীয় কার্যক্রম সম্পাদন করবেন;

১৩.৭ সকল ক্ষেত্রে ডিএনসিসি'র সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৪। **নম্বরপত্র ও সনদপত্র প্রদান ঃ**

বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ সকল শিক্ষার্থীকে ডিএনসিসি আনুষ্ঠানিকভাবে নম্বরপত্র ও সনদপত্র প্রদান করবে;

## ১৫। ভর্তির তথ্যাদি ও প্রশিক্ষণের সময়সূচীঃ

১৫.১ ৪ থেকে ১৪ বছরের যেকোন শিক্ষার্থী ডামফার শাখায় ভর্তি হতে পারবে;

১৫.২ আবেদন ফরম ঃ শিক্ষার্থী/অভিভাবককে **DNCC Academy of Music and Fine Arts (DAMFA)** এর নির্ধারিত ফরমে প্রয়োজনীয় সনদপত্রসহ আবেদন দাখিল করতে হবে। আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে।

## ১৬। ফরম জমা দানঃ

ফরম জমা দেয়ার সময় যা জমা দিতে হবে-

ক) ভর্তি ফি জমার রশিদ।

খ) বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট থেকে অধ্যয়নের প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) প্রশিক্ষণার্থী ছাত্র/ছাত্রীর পাসপোর্ট সাইজের ২ কপি ছবি।

ঘ) পিতা/মাতা/অভিভাবকের (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) পাসপোর্ট সাইজের ২ কপি ছবি।

ঙ) প্রার্থীর জন্ম সনদের সত্যায়িত কপি।

## ১৭। বেতন-ভাতাদি, ফি ঃ

ক) শিক্ষার্থীদের ভর্তি ফি, মাসিক বেতন, পরীক্ষার ফি ও অন্যান্য ফি ডিএনসিসি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে গ্রহণ করতে হবে।

খ) পরীক্ষার ফি ব্যতীত গ্রহণকৃত ভর্তি ফি, মাসিক বেতন ও অন্যান্য চার্জ ইত্যাদি (যদি থাকে) কেন্দ্রের 'দায়িত্ব প্রাপ্ত শিক্ষক'কর্তৃক যথাযথভাবে চালানের মাধ্যমে কর্পোরেশনের নির্ধারিত তহবিলে জমা প্রদান করবেন।

গ) যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন ফি বা টাকা আদায় করা যাবে না।

## ১৮। ক্লাসের সময়সূচী ঃ সপ্তাহে ২দিন এবং প্রতিদিন ৩ ঘন্টা করে নিম্নরূপ ক্লাস অনুষ্ঠিত হবে।

| বিষয় | বার | সময় |
|---|---|---|
| সংগীত ও নৃত্য | বৃহস্পতিবার | বিকাল -৩.০০ মিঃ-৬.০০ মিঃ |
| সংগীত ও নৃত্য | শনিবার | বিকাল -৩.০০ মিঃ-৬.০০ মিঃ |

তবে শর্ত থাকে যে, শীতকাল ও রমজান মাসে সময়সূচীর পরিবর্তন হতে পারে। ধর্মীয় বা বিশেষ কোন দিনে ক্লাস বন্ধ থাকতে পারে। প্রশিক্ষণার্থীদের নোটিশের মাধ্যমে যথাসময়ে তা জানিয়ে দেয়া হবে। ডামফায় শিশুদের প্রশিক্ষণ ক্লাসের পূর্বে/পরে শিশুর সকল প্রকার দায়-দায়িত্ব নিজ নিজ অভিভাবকের। ক্লাসের সময়সূচী ডিএনসিসি কর্তৃক পুনঃ নির্ধারণ করতে পারে।

## ১৯। অন্যান্য ঃ

ক) ডামফার প্রতি শাখায় প্রতি বছর ১ম বর্ষে সর্বোচ্চ ৩০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে;

খ) প্রশিক্ষণার্থী ভর্তির ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক শিক্ষাগত যোগ্যতার বিষয়টি গৌণ হবে।

গ) ১ম বর্ষ ভর্তির ক্ষেত্রে বয়স অনুর্ধ ১৪ হতে হবে;

ঘ) স্বীকৃত কোন সাংস্কৃতিক একাডেমী থেকে কোন বর্ষ সম্পন্নকারী প্রমান পত্রসহ পরবর্তী বর্ষে ভর্তিযোগ্য হবে।

ঙ) ভর্তির পর ২য় সপ্তাহের মধ্যে হাজিরা খাতায় নাম অন্তর্ভূক্ত না হলে কিংবা প্রশিক্ষণ ক্লাস বা পরীক্ষা সংক্রান্ত কোন ধরনের জটিলতা সৃষ্টি হলে সম্মানিত অভিভাবকগণ সমাজকল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি এর সাথে যোগাযোগ করবেন।

চ) নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে প্রতিষ্ঠান পরিচালনার বিষয়ে সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ থেকে সময় সময় বিভিন্ন নির্দেশনা জারী করা হবে।

## ২০। সাধারণ নির্দেশাবলী ঃ

২০.১ প্রশিক্ষকগণ ডামফার শৃংখলা বজায় রাখবেন। নিয়মিত নির্ধারিত সময় অনুসারে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন করবেন। পরীক্ষা গ্রহণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল প্রকাশ, সনদ বিতরণ ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় দায়িত্ব পালন করবেন।

২০.২ যুক্তিসংগত ক্ষেত্রে কর্তৃপক্ষ বিনা সম্মানীতে ছুটি মঞ্জুর করতে পারবে। সে ক্ষেত্রে বিকল্প শিক্ষক/শিক্ষিকা কর্তৃক ক্লাস পরিচালিত হবে।

২০.৩ কোন প্রশিক্ষক ডামফায় বিলম্বে উপস্থিত হলে এবং নির্ধারিত সময়ের পূর্বে ডামফা ত্যাগ করলে প্রতি ২(দুই) দিনের জন্য ১ (এক) দিনের সম্মানি কর্তন করা হবে।

২০.৪ দায়িত্ব প্রাপ্ত শিক্ষক ডামফার দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রম পরিচালনা ও শৃংখলা নিশ্চিত করবেন। অনুপস্থিতি/বিলম্বে উপস্থিতি/নির্ধারিত সময়ের পূর্বে ডামফা ত্যাগের ক্ষেত্রে হাজিরা খাতায় লাল কালি দিয়ে চিহ্নিত করবেন এবং কর্তৃপক্ষকে অবহিত করবেন।

২০.৫ দায়িত্ব প্রাপ্ত শিক্ষক নিয়মিত ছাত্র/ছাত্রীদের বেতন ও অন্যান্য ফিস আদায় পূর্বক ডিএনসিসি'র নির্ধারিত খাতে জমা প্রদান করবেন। প্রতি বছর জুলাই ও জানুয়ারি মাসে নির্ধারিত ছকে নগদ আদায় সংক্রান্ত প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করবেন।

২০.৬ ডামফা কোন প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী এবং সংশ্লিষ্ট সকলে শৃংখলা বিরোধী/বেআইনী কার্যকলাপ বা সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কাজের সাথে সংশ্লিষ্ট থাকতে পারবেন না।

২০.৭ ক্লাসের নির্ধারিত দিনে সরকারী ছুটি থাকলে উল্লেখিত ক্লাস পরবর্তী কার্য দিবসে গ্রহণ করা হবে।

২০.৮ সকল প্রশিক্ষকদের জীবন বৃত্তান্ত এর একটি অনুলিপি সমাজকল্যাণ বিভাগে জমা রাখা হবে।

২০.৯ দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বছর শেষে (জানুয়ারি মাসে) ডামফার শাখার সার্বিক ব্যবস্থাপনা, শৃংখলা, উপস্থিতি, ফলাফল ইত্যাদি সম্পর্কে একটি প্রতিবেদন প্রদান করবেন।

২০.১০ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য গানের সঙ্গে নাচ তৈরী করে রাখতে হবে।

## ২১। প্রতিযোগিতা ও অনুষ্ঠান ঃ

২১.১ বছরে কমপক্ষে একবার শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতার আয়োজন করা হবে।

২১.২ বিজয় দিবস, স্বাধীনতা দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, বাংলা নববর্ষ ইত্যাদি জাতীয় অনুষ্ঠানে শিক্ষার্থী ছাত্র/ছাত্রী, প্রশিক্ষক ও তবলা সহযোগীদের যথাযথভাবে অংশগ্রহণ করতে হবে।

## ২২। নীতিমালা সংশোধনী ঃ

শিক্ষা কার্যক্রম পরিচালনার স্বার্থে নীতিমালার কোন বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংক্ষিপ্তায়ন, বাতিল অথবা সংশোধন করার ক্ষমতা কর্পোরেশনের থাকবে।

## ২৩। রক্ষাকবচ ঃ

শিক্ষা কার্যক্রম প্রদান সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত/পদক্ষেপ গ্রহণের অধিকার কর্পোরেশনের উপর ন্যস্ত থাকবে নীতিমালার কোন অস্বচ্ছতা বা ত্রুটির কারণে কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত অথবা কার্যবিবরণী বাতিল বলে গণ্য হবে না।

প্রশিক্ষকদের নৈমিত্তিক ছুটির আবেদন সহকারী সমাজকল্যাণ কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবে।

# সিলেবাস

## বিষয়ঃ সংগীত

### সংগীত ঃ প্রথম বর্ষ

**তত্ত্বীয় বিষয়ঃ**

১. সজ্ঞা ঃ সংগীত, তাল, সপ্তক, আরোহী-অবরোহী, মাত্রা।
২. স্বর ঃ স্বরের সংজ্ঞা, স্বরের শাস্ত্রীয় নাম, স্বর সংখ্যা ও প্রকারভেদ, স্বরচিহ্ন।
৩. বিলাবল, খাম্বাজ, কাফি, কল্যাণ এর ঠাট সম্পর্কিত পরিচয়।
৪. যেকোন একজন সংগীত মনীষীর জীবনী।
৫. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সম্পর্কে ধারণা।

**ক্রিয়াত্মক বিষয় (উচ্চাঙ্গ সংগীত)**

১. ১৫-২০ টি শুদ্ধ ও বিকৃতস্বরের সরগম/পাল্টা অভ্যাস।
২. দাদ্‌রা, ত্রিতাল, কাহারবা তাল হাতে তালি দিয়ে বলার অভ্যাস।
৩. বিলাবল, খাম্বাজ, কাফি, কল্যাণ, ঠাট এর স্বর অভ্যাস।
৪. বিলাবল ও কল্যাণ ঠাট এর সরগম গীত।

**ক্রিয়াত্মক বিষয় (লঘু সংগীত)**

১. জাতীয় সংগীত
২. ছোটদের উপযোগী কমপক্ষে ৩ টি নজরুল সংগীত।
৩. ছোটদের উপযোগী কমপক্ষে ৩ টি রবীন্দ্র সংগীত।
৪. ছোটদের উপযোগী কমপক্ষে ৩ টি দেশাত্মবোধক সংগীত।
৫. ছোটদের উপযোগী ছড়া গান।

## সংগীত ঃ দ্বিতীয় বর্ষ

**তত্ত্বীয় বিষয়ঃ**

১. সজ্ঞাঃ স্বর, স্বরের প্রকারভেদ, শুদ্ধস্বর, বিকৃতস্বর, চলস্বর, অচলস্বর, বর্জিতস্বর, গ্রহস্বর, ন্যাসস্বর, স্বরমালিকা।
২. গীতের সজ্ঞা ঃ লক্ষগীত, সরগমগীত, খেয়াল,স্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ।
৩. যেকোন দুইজন সংগীত মনীষীর জীবনী।

**ক্রিয়াত্মক বিষয় (উচ্চাঙ্গ সংগীত)**

১. আশাবরি, টোড়ী, পুরবী, ভৈরবী, মারবা ঠাট এর স্বর অভ্যাস।
২. বিলাবল, কল্যান , খাম্বাজ, কাফি, আসাবরী, ভৈরব, রাগের লক্ষণগীত ও পরিচয়।
৩. দাদ্‌রা, ত্রিতাল, কাহারবা ও ঝাঁপতাল এর বোলবাণী একগুন ও দ্বিগুন লয়ে প্রদর্শন।

**ক্রিয়াত্মক বিষয় (লঘু সংগীত)**

১. জাতীয় সংগীত ও রণ সংগীত।
২. শিশুতোষ ৩টি করে রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, দেশাত্মবোধক গান, লোকসংগীত ও ছড়াগান।

## সংগীত ঃ তৃতীয় বর্ষ

**তত্ত্বীয় বিষয়ঃ**

১. প্রথম ও দ্বিতীয় বর্ষের পাঠ্যক্রমের পুনঃ অনুশীলন।
২. সজ্ঞা ঃ তালের প্রকারভেদ, আলাপ, বিস্তার, তান, খেয়াল, ধ্রুপদ, ধামার ও ঠুমরী।
৩. সংক্ষিপ্ত পরিচিতি ঃ রাগ, জনক রাগ, পকড়, নাদ, আহত নাদ, অনাহত নাগ, শ্রুতি, বন্দিশ।
৪. স্কেল পরিচিতি।
৫. বাদ্যযন্ত্রের পরিচিতি।
৬. উচ্চাঙ্গ ও লঘু সংগীত পরিচিতি।
৭. দুই জন সংগীত মনীষীর জীবনী।

**ক্রিয়াত্মক বিষয় (উচ্চাঙ্গ সংগীত)**

১. আসাবরী, টোড়ি, ভৈরব, মারবা, পূরবী, লক্ষণগীত, ভুপালী ও দূর্গা।
২. ইমন, বিলাবল, ভৈরব, আসাবরী, বাগেরশ্রী, বেহাগ রাগ এর তানসহ ছোট খেয়াল ও পরিচয়।
৩. একতাল, তেওড়া তালের বোলবাণীসহ হাতে তালি দিয়ে অভ্যাস।

**ক্রিয়াত্মক বিষয় (লঘু সংগীত)**

১. নজরুল সংগীত, রবীন্দ্র সংগীত, দেশাত্মবোধক গান, দ্বীজেন্দ্রলাল রায়ের গান, লোকসঙ্গীত ও ছোটদের উপযোগী আধুনিক গান।

## বিষয় ঃ নৃত্য

## নৃত্য ঃ প্রথম বর্ষ

ক) **তত্ত্বীয় (মৌখিক)ঃ**

১. নৃত্যের সংগা ও প্রকারভেদ।
২. তালের সংগা। দাদ্‌রা ও কাহারবা মাত্রা গণনার মাধ্যমে হাতে তালি ও খালি সহযোগে বলা।
৩. লয়ের সংগা ও প্রকারভেদ। নাম সহ হাতে তালির সাহায্যে বিভিন্ন লয় অনুশীলন।

খ) **ব্যবহারিক ঃ**

১. প্রাথমিক ব্যায়াম ঃ শরীরের বিভিন্ন অঙ্গ ও প্রত্যঙ্গের।
২. বিভিন্ন ধরনের পদ চালনা (পায়ের কাজ বা ডিপ)
৩. দাদ্‌রা, কাহারবা তালের ওপর ভিত্তি করে ১টি লোকনৃত্য ও ১টি দেশাত্মবোধক নৃত্য প্রশিক্ষণ।
৪. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সম্পর্কে ধারণা।

## নৃত্য ঃ দ্বিতীয় বর্ষ

ক) **তত্ত্বীয় ঃ**

১. তাললেখা মাত্রাগণনাসহ তালি ও খালি সহযোগে-দাদ্‌রা, কাহারবা ও ত্রিতাল।
২. মুদ্রার সংগা ও প্রকারভেদ। অভিনয় দর্পন গ্রন্থ অনুযায়ী অসংযুক্ত মুদ্রা ১০টি ও সংযুক্ত মুদ্রা ৮টি।
৩. টীকা-নৃত্য, তাল, মাত্রা, সম, ফাঁকা বা খালি ও লয়ের সংগা ও প্রকারভেদ।

খ) **ব্যবহারিক ঃ**

১. ১ টি রবীন্দ্র সংগীত, ১টি নজরুল সংগীত, ১টি লোক সংগীত ও ১টি দেশাত্মবোধক সংগীতের সঙ্গে নৃত্য।

গ) **শাস্ত্রীয় নৃত্য ঃ**

১. কথক নৃত্যের অনুশীলনী-চক্কর, ভ্রমরী, তৎকার তলহস্ত, মধ্যহস্তচক্র, উর্ধ্বহস্তচক্র, তেহাই।
২. ওড়িষী নৃত্যের অনুশীলনী-পাদভেদ ৪টা, চারী ৪টা, স্থানক ১টা, চৌক ৪টা, ত্রিভঙ্গী ৪টা।
৩. তাল দাদ্‌রা, কাহারবা, তেওড়া ও ত্রিতাল হাতে মাত্রা, গণনা তালি ও খালি সহযোগে বলার অভ্যাস।
৪. অসংযুক্ত মুদ্রা ১০টি সংযুক্ত মুদ্রা ১০টি হাতে করে দেখানো।

## নৃত্য ঃ তৃতীয় বর্ষ

ক) **তত্ত্বীয় ঃ**

১. অভিনয়ের সংগা ও প্রকারভেদ।
২. রসের সংগা ও প্রকারভেদ।
৩. তাল লেখা- দাদ্‌রা, কাহারবা, তেওড়া, ঝাঁপতাল, চৌতাল ও ত্রিতাল।
৪. অসংযুক্ত ৮টি ও ৫টি করে বিনিয়োগ মুদ্রা ও সংযুক্ত মুদ্রা সম্পূর্ণ। সর্ব প্রকার মুদ্রা হাত দেখানো।
৫. লোকনৃত্যের সংগা। বাংলাদেশের কয়েকটি লোক নৃত্যের নাম।
৬. উদয় শংকর ও বুলবুল চৌধুরীর জীবনী সম্পর্কে আলোচনা।
৭. দৃষ্টিভেদ ৬টি, শিরভেদ ৬টির নাম।

খ) **ব্যবহারিক ঃ**

১. নৃত্যে রসের প্রয়োগ।
২. তাল বলা-দাদ্‌রা, কাহারবা, তেওড়া, চৌতাল, ত্রিতাল, মাত্রাগণনা সহ তালি খালি সহযোগে বলা।

গ) **অভিনয় দর্পন গ্রন্থ অনুযায়ী ঃ**

৩. ১টি রবীন্দ্র সংগীত, ১টি নজরুল সংগীত, ১টি লোক সংগীত ও ১টি দেশাত্মবোধক সংগীতের সঙ্গে নৃত্য।

ঘ) **শাস্ত্রীয় নৃত্য ঃ**

১. বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের ব্যায়াম।
২. কথক নৃত্যের অনুশীলন চক্রদার টুকড়া, পড়ন, আমদ, টুকরা, সাদা টুকরা, লড়ী, তিনতাল।
৩. ওড়িষী নৃত্যের অনুশীলন-পদভেদ ৮ টা, চারী ৮ টা, ভ্রমরী ২ টা, চৌক ৫টা, ত্রিভঙ্গী ৫টা।

## প্রশিক্ষণ নির্দেশিকা

### ভর্তি সংক্রান্ত তথ্যাদি ও প্রশিক্ষণের সময়সূচী ঃ

ক) **বয়স ঃ** সংগীত ও নৃত্য কলা বিষয়ে ৪-১৪ বছর বয়সের যেকোন শিশু ভর্তি হতে পারবে।

খ) আবেদন ফরম ঃ শিক্ষার্থীগণ/অভিভাবককে **DNCC Academy of Music and Fine Arts (DAMFA)** এর সংশ্লিষ্ট শাখা সমূহে প্রাপ্ত নির্ধারিত ভর্তি ফরমে প্রয়োজনীয় সনদপত্রসহ আবেদন দাখিল করতে হবে। আসন খালি থাকা সাপেক্ষে আবেদনকারীকে ভর্তি করা হবে।

গ) ফরম জমা দেয়ার সময় যা জমা দিতে হবে-

১) ভর্তি ফি জমার রশিদ।

২) বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট থেকে অধ্যয়নের প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩) প্রশিক্ষণার্থী শিশুর পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

৪) পিতা/মাতা/অভিভাবকের (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

ঘ) বেতন-ভাতাদি, ফি ঃ

১) ভর্তি ফি

| ক) সকল বিষয়ে ১ম বর্ষে | | খ) ২য় ও ৩য় বর্ষে | |
|---|---|---|---|
| ভর্তি ফরম | ৫০/- | ভর্তি ফরম | প্রয়াজন নেই |
| ভর্তি ফি | ২০০/- | পুনঃ ভর্তি ফি | ৫০/- |
| বেতন মাসিক ১০০ টাকা (১০০ X ১২) | ১২০০/- | বেতন মাসিক ১০০ টাকা (১০০ X ১২) | ১২০০/- |
| পরীক্ষা ফি | ১০০/- | পরীক্ষা ফি | ১০০/- |
| সিলেবাস | ৫০/- | সিলেবাস | ৫০/- |
| পরিচয়পত্র | ৫০/- | পরিচয়পত্র | ৫০/- |
| সর্বমোট | ১৬৫০/- | সর্বমোট | ১৪৫০/- |

২) কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন ফি আদায় করা হয় না।

ঙ) ক্লাসের সময়সূচী ঃ সপ্তাহে ২দিন এবং প্রতিদিন ৩ ঘন্টা করে ক্লাস অনুষ্ঠিত হবে ঃ

| বিষয় | বার | সময় |
|---|---|---|
| সংগীত ও নৃত্য | বৃহস্পতিবার | বিকাল -৩.০০ মিঃ-৬.০০ মিঃ |
| সংগীত ও নৃত্য | শনিবার | বিকাল -৩.০০ মিঃ-৬.০০ মিঃ |

বিঃ দ্রঃ শীতকাল ও রমজান মাসে সময়সূচীর পরিবর্তন হতে পারে। ধর্মীয় বা বিশেষ কোন দিনে ক্লাস বন্ধ থাকতে পারে। প্রশিক্ষণার্থীদের নোটিশের মাধ্যমে যথাসময়ে তা জানিয়ে দেয়া হবে। একাডেমীতে শিশুদের প্রশিক্ষণ ক্লাসের পূর্বে/পরে শিশুর সকল প্রকার দায়-দায়িত্ব নিজ নিজ অভিভাবকের। ক্লাসের দিন ও সময় সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ কর্তৃক সময় সময় পুনঃ নির্ধারণ হতে পারে।

চ) অন্যান্য ঃ

১) প্রতিটি একাডেমীতে প্রতি বছর ১ম বর্ষে সংগীতে সর্বোচ্চ ৩০ জন এবং নৃত্যকলায় ৩০ জন ভর্তি করা হবে।

২) প্রশিক্ষণার্থী ভর্তির ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক শিক্ষাগত যোগ্যতার বিষয়টি গৌণ হবে।

৩) স্বীকৃত একাডেমী থেকে কোন বর্ষ সম্পন্নকারী প্রমান পত্রসহ পরবর্তী বর্ষে ভর্তিযোগ্য হবে।

৪) ভর্তির পর ২য় সপ্তাহের মধ্যে হাজিরা খাতায় নাম অন্তর্ভূক্ত না হলে কিংবা প্রশিক্ষণ ক্লাস বা পরীক্ষা সংক্রান্ত কোন ধরনের জটিলতা সৃষ্টি হলে সম্মানিত অভিভাবকগণ সমাজকল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি এর সাথে যোগাযোগ করবেন।

## বিষয় ও সিলেবাস ঃ

ক) প্রশিক্ষণ কোর্সের বিষয় ও মেয়াদ ঃ

| | |
|---|---|
| সংগীত | ৩ বছর |
| নৃত্য | ৩ বছর |

খ) সকল শাখায় অভিন্ন সিলেবাস অনুযায়ী সংগীত ও নৃত্যকলা বিষয়ে ৩ (তিন) বছরের প্রশিক্ষণ দেয়া হবে।

গ) প্রতিটি সেশন হবে জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত এবং প্রতি শিক্ষাবর্ষে অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে।

## পরীক্ষা পদ্ধতি ঃ

ক) প্রতি শিক্ষা বর্ষে অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং কেন্দ্রীয়ভাবে নির্ধারিত প্রশ্ন ও পদ্ধতিতে জুন ও ডিসেম্বর মাসে লিখিত ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ডামফা'র ভিন্ন শাখার প্রশিক্ষকগণ কর্তৃক লিখিত ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীকে ক্লাসে ৭৫% উপস্থিত থাকতে হবে।

গ) প্রতিটি পরীক্ষার সবক'টি বিষয়ে অংশগ্রহণ করতে হবে।

ঘ) প্রতিটি পরীক্ষায় প্রত্যেক বিষয়ে আলাদাভাবে ৪০% নম্বর উত্তীর্ণ মান বলে বিবেচিত হবে

## নম্বরপত্র ও সনদপত্র প্রদান ঃ

বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ সকল শিক্ষার্থীদেরকে ডিএনসিসি'র পক্ষ হতে আনুষ্ঠানিকভাবে নম্বরপত্র ও সনদপত্র প্রদান করা হবে।

## প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ ঃ

(১) "DAMFA" এর সকল প্রশিক্ষণার্থীদেরকে পরিচয়পত্র প্রদান করা হয়ে থাকে।

(২) "DAMFA" এর প্রতিটি শাখায় ০৬ জন (সংগীত ২ জন, নৃত্য ২ জন, তবলা ২জন) অভিজ্ঞ প্রশিক্ষক (জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃতি প্রাপ্ত) দ্বারা অত্যন্ত যত্নসহকারে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

(৩) নতুন প্রণীত সিলেবাস অনুযায়ী শ্রেনীকক্ষে শিক্ষার্থীদের পাঠ দান করা হচ্ছে।

(৪) "DAMFA"-য় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে জন্ম সনদ প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়ে থাকে।

(৫) তুলনামুলক মেধাবী কিন্তু অস্বচ্ছল প্রশিক্ষণার্থীদেরকে কর্পোরেশন হতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে বিবেচনা করা হয়ে থাকে।

(৬) প্রতিষ্ঠান সমূহ বর্তমানে সম্পূর্ণ নতুন আঙ্গিকে ডিএনসিসি কর্তৃক পরিচালিত হচ্ছে।

## রিপোর্ট কার্ড

ছাত্র/ছাত্রীর নাম ঃ ............................................

পিতার নাম ঃ ............................................

মাতার নাম ঃ ............................................

ঠিকানা ঃ ............................................

ফোন ঃ ............................................

প্রশিক্ষণ কোর্স

শিক্ষাবর্ষ ঃ ২০১  - ২০১

বিষয় ঃ সংগীত/নৃত্যকলা   শাখা ঃ ..............

বর্ষ ঃ ১ম বর্ষ/২য় বর্ষ/৩য় বর্ষ   রোল নম্বর ঃ ..............

অর্ধবার্ষিক পরীক্ষা

মোট নম্বর ঃ ১০০

উত্তীর্ণ হওয়ার মান ঃ ৪০%

অর্ধবার্ষিক পরীক্ষার ফলাফল

| তত্ত্বীয় | মৌখিক/ব্যবহারিক | প্রাপ্ত নম্বর | শ্রেণীতে সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| | | | |

মন্তব্য ঃ বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে/পারবে না।

শ্রেণীর কাজ ঃ সন্তোষজনক/অসন্তোষজনক

প্রশিক্ষকের স্বাক্ষর ঃ

নাম ঃ

তারিখ ঃ

অভিভাবকের স্বাক্ষর

বার্ষিক পরীক্ষা

মোট নম্বর ঃ ১০০

উত্তীর্ণ হওয়ার মান ঃ ৪০

বার্ষিক পরীক্ষার ফলাফল

| তত্ত্বীয় | মৌখিক/ ব্যবহারিক | প্রাপ্ত নম্বর | মোট প্রাপ্ত নম্বর | প্রাপ্ত গড় নম্বর | জিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

চূড়ান্ত ফলাফল ঃ

| | |
|---|---|
| উত্তীর্ণ ঃ | |
| অনুত্তীর্ণ ঃ | |
| প্রাপ্ত গ্রেড ঃ | |

| নম্বর | গ্রেড | পয়েন্ট |
|---|---|---|
| ৪০ থেকে ৪৯ | C | = 2 |
| ৫০ থেকে ৫৯ | B | = 3 |
| ৬০ থেকে ৬৯ | A- | = 3.5 |
| ৭০ থেকে ৭৯ | A | = 4 |
| ৮০ থেকে ১০০ | A+ | = 5 |

প্রশিক্ষকের স্বাক্ষর ঃ

নাম ঃ

তারিখ ঃ

অভিভাবকের স্বাক্ষর ঃ

প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ডিএনসিসি একাডেমী অফ মিউজিক এন্ড ফাইন আর্টস
গুলশান সেন্টার পয়েন্ট, (প্লট নং- ২৩-২৬, রোড নং- ৪৬, গুলশান-২)

**সনদপত্র**

____________________________________________________________ কে

পিতা ______________________ মাতা ______________________

ডিএনসিসি একাডেমী অফ মিউজিক এন্ড ফাইন আর্টস, ______________ শাখা পরিচালিত প্রশিক্ষণ কোর্সের

______________ শিক্ষাবর্ষে ______________ বিষয়ে ১ম বর্ষ/২য় বর্ষ/৩য় বর্ষ চূড়ান্ত/সমাপনী পরীক্ষায় ______________ গ্রেডে

______________ পয়েন্ট প্রাপ্ত হওয়ায় এই সনদপত্র প্রদান করা হল।

২৪। এ নীতিমালা ০১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

২৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারী করা হলো।

স্বাক্ষরিত/-
০৭/০৬/২০১৮ খ্রিঃ
(দুলাল কৃষ্ণ সাহা)
সচিব (অতিরিক্ত সচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন-৮৮৩৪৯৩০
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.৪৬.১৮১.১৭ ৪৮৭ তারিখ ঃ ২০/০৬/১৮ খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় প্রধান (সকল) ...................................... ।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ...................................... ।
৪. মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তার ষ্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সমাজকল্যাণ কর্মকর্তা।
৭. সহকারী সচিব (সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন)।
৮. সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা (সকল) ...................................... ।
৯. সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
১০. প্রশিক্ষক (সকল)...................................... ডামফা।
১১. অফিস কপি।

২০/০৬/২০১৮
(মোঃ রাকিবুল হাসান মিরাজ)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।